# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট ।

স্মারক নং- জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৯০১

তারিখ- ১৫/০৪/২০২১ইং

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ২১/০৪/২০২১ খ্রিঃ তারিখ রোজঃ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগতি প্রসঙ্গে।
৩। কমিটির কার্যপরিধি বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৮২

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-

সভাপতি : জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : পৌরসভা মিলনায়তন।
তারিখ : ২১-০৪-২০২১খ্রিঃ।
রোজ : বুধবার।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় : ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা-ঃ- গত ০৯/০৩/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ০৯/০৩/২০২১ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

২নং আলোচ্য বিষয় : বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগতি প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আমি নব নির্বাচিত কাউন্সিলর হিসেবে পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক এ কমিটির সভাপতির দায়িত্ব প্রদান করছি এবং এ কমিটির অনেক সদস্য নব নির্বাচিত হওয়ায় বস্তি উন্নয়ন এর আওতায় কোথায় কোথায় কি কি কাজ বাস্তবায়ন হচ্ছে, তা সভায় বিস্তারিত ভাবে তুলে ধরার জন্য এ কমিটি সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে- বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন, জয়পুরহাট পৌরসভায় ইউজিপ-৩ প্রকল্পের আওতায় ০৭ (সাত) টি বস্তিতে ০৬ (ছয়) টি কম্পোনেন্টে এ কাজ বাস্তবায়িত হচ্ছে। নিম্নে বস্তি সমূহের নাম ও কাজের বিবরণী তুলে ধরা হলো।

| ক্রঃ নং | বস্তির নাম | ওয়ার্ড নং | বস্তি অনুযায়ী অনুমোদিত কাজ | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | তাঁতীপাড়া | ১ ও ২ | টয়লেট-সিঙ্গেল=১৭ টি ডাবল=০২ টি, ডাস্টবিন=০৩ টি, ফুটপাত=৩৭৫ মিটার, ড্রেন=২৩৯ মিটার, সোলার লাইট=১৪ টি, টিউবওয়েল=০৫ টি | ৮১,৯৪,২৬১.১৩ |
| ২ | বইচপাড়া মুহিত পুকুরপাড় | ৯ | টয়লেট-সিঙ্গেল=১০টি, ডাস্টবিন=০২ টি, ফুটপাত=৩৭৩ মিটার, ড্রেন=১০৫ মিটার, সোলার লাইট=০৬ টি, টিউবওয়েল=০৪ টি | ৪৭,৫৩,১৬৬.৮৬ |
| ৩ | যমুনা বাঁধপাড়া | ২ | টয়লেট-সিঙ্গেল=১৬ টি, ডাস্টবিন=০২ টি, ফুটপাত=৫০০ মিটার, ড্রেন=৬৫ মিটার, সোলার লাইট=০৪ টি, টিউবওয়েল=০৬ টি | ৮১,৮৬,৬৯৮.৪৭ |
| ৪ | তাজুর মোড় | ১ | টয়লেট-সিঙ্গেল=১৩ টি ডাবল=০১ টি, ডাস্টবিন=০২ টি, ফুটপাত=২৬৯ মিটার, ড্রেন=৪৭০ মিটার, সোলার লাইট=০৪ টি, টিউবওয়েল=০৭ টি | ৫৭,৮৭,৩৫০.৩৩ |
| ৫ | বিশ্বাসপাড়া রেল কলোনী | ৯ | টয়লেট-সিঙ্গেল=১০ টি ডাবল=০৩ টি, ডাস্টবিন=০২ টি, ফুটপাত=৭১৫ মিটার, ড্রেন=১৪০ মিটার, সোলার লাইট=০৮ টি, টিউবওয়েল=০৬ টি | ৮১,৬১,১৬৪.০৯ |
| ৬ | চিনিকল হরিজন কলোনী | ১ | টয়লেট-সিঙ্গেল=০২ টি ডাবল=০৬ টি, ডাস্টবিন=০১ টি, ফুটপাত=১৯৮ মিটার, ড্রেন=১৯৯ মিটার, সোলার লাইট=০৬ টি, টিউবওয়েল=০৫ টি | ৫১,৪৭,৯৪১.৮৫ |
| ৭ | বঙ্গবন্ধুপাড়া | ২ | টয়লেট-সিঙ্গেল=১১ টি, ডাস্টবিন=০১ টি, ফুটপাত=১০২ মিটার, ড্রেন=৪২ মিটার, সোলার লাইট=০৫ টি, টিউবওয়েল=০৪ টি | ৩৬,২৬,৭৫৩.৮০ |

৪,৩৮,৫৭,৩৩৬.৫৩

D:\Bosty\Regu\Raguration Bosti

কিন্তু বস্তিতে বাস্তবায়িত প্রতিটি সোলার লাইটের জন্য প্রথমে প্রাক্কলন মূল্য ছিল=১,২৫,০০০/- টাকা করে। কিন্তু পরবর্তীতে প্রকল্প অফিস হতে প্রাক্কলন মূল্য সংশোধন করে ৯৪,৪৮১.৭৯ টাকা করে নির্ধারন করেছেন। তিনি আরোও বলেন, বস্তি সমূহে ৩টি কিস্তির কাজ শেষ হয়েছে এবং ৪র্থ কিস্তি বা সর্বশেষ কাজ শেষ পর্যায়ে। বিষয়টি উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ অনুমোদন অনুযায়ী প্রতিটি বস্তি উন্নয়নের কাজ যথাযথভাবে বাস্তবায়ন করে দ্রুত কাজ শেষ করা এবং এ কমিটির পক্ষথেকে ০৭ (সাত)টি বস্তিতে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কাজ পরিদর্শন করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচী-৩। <u>কমিটির কার্যপরিধি বিষয়ে আলোচনা।</u>
<u>আলোচনাঃ-</u> সভাপতি বলেন, এ কমিটি কি কি ব্যাপারে কাজ করবেন তার একটি সুনির্দিষ্ট কর্মপরিধি আছে। সভাপতি সভায় গুরত্বপূর্ন কর্মপরিধি সমূহ নিম্নোক্তভাবে পড়ে শুনান-

১. প্রতিমাসে ০১টি করে সভা করা এবং নিয়মিত কার্যবিবরণী লিপিবদ্ধ করা।
২. পৌর এলাকার বসবাসকারী দরিদ্র মানুষ এবং বস্তির সংখ্যা নিরুপণ ও তালিকা তৈরী করা ও অগ্রাধিকার নির্ণয় করা।
৩. দরিদ্র মানুষের চাহিদা নিরুপণ ও অগ্রাধিকার নির্ণয় করা।
৪. দারিদ্র হ্রাসকরণ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা, বরাদ্দের সুপারিশ করা এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
৫. দারিদ্র নিরসনে স্কীম চিহ্নিতকরণ, দারিদ্র হ্রাসকরণ কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং সেই সকল কর্ম প্রকল্প বাস্তবায়ন।
৬. বস্তি ও ক্লাস্টার চিহ্নিতকরণ করা, আর্থ-সামাজিক ও অবকাঠামো সেবা প্রদানের ব্যবস্থা করা।
৭. বস্তি উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা এবং বস্তি উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব পালন করা।
৮. দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করা।
৯. পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা।

বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয় এবং সভাপতির নির্দেশে কমিটির সকল সদস্য ও প্রতিনিধিদের মাঝে কার্যপরিধির ০১ টি করে কপি বিতরন করা হয়।

সিদ্ধান্তঃ কার্যপরিধি অনুযায়ী এ কমিটি সকল বিষয় নিয়ে পর্যায়ক্রমে সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করবেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ ৯১৬

তারিখ- ২১/০৪/২০২১ ইং

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২১/০৪/২০২১ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রমনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | বস্তি উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |